



বাংলাদেশ  
৫০  
Bangladesh

বিসিআইসি কলেজ  
মিরপুর, ঢাকা।



## “খণ্ডকালীন শরীর চর্চা শিক্ষক নিয়োজিতকরণের বিজ্ঞপ্তি”

বিসিআইসি কলেজে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক (No Work No Pay) ০১ জন খণ্ডকালীন শরীর চর্চা শিক্ষক নিয়োজিতকরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র.	বিষয়	পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	নিয়োগের ধরন ও সম্মানী	মন্তব্য
১.	শরীর চর্চা শিক্ষক	০১ (এক) জন	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) বিপিএড কোর্স সম্পন্ন হতে হবে। গ) কোন শিক্ষা প্রতিষ্ঠানে শরীর চর্চা শিক্ষক হিসেবে কাজ করার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	খণ্ডকালীন চুক্তিভিত্তিক (No Work No Pay) মাসিক সর্বোচ্চ সম্মানী ২৮,০০০/- (ট্যাক্সসহ)	

### শর্তাবলী :

- আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স (আবেদন গ্রহণের শেষ তারিখে), শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল এবং ই-মেইল নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি (রঙিন) সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্রের কপিসহ আবেদনপত্র অধ্যক্ষ, বিসিআইসি কলেজ, মিরপুর, চিড়িয়াখানা রোড, ঢাকা-১২১৬ বরাবর আগামী ২৫ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।
- আবেদনপত্রের সাথে অধ্যক্ষ, বিসিআইসি কলেজ বরাবরে যে কোন তফসিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নির্বাচনী/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় মোবাইল ফোন/ই-মেইল-এর মাধ্যমে জানানো হবে।
- এই বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে আবেদনপত্র গ্রহণ, বাছাই ও নিয়োজিতকরণ আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- বিজ্ঞপ্তিটি বিসিআইসি কলেজ ওয়েবসাইট [www.biccollege.edu.bd](http://www.biccollege.edu.bd) এ পাওয়া যাবে।

বিসিআইসি-৩০৭, তাং-১৬.১.২২

অধ্যক্ষ  
বিসিআইসি কলেজ